

# 12c ওরাকল ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম

## মোহাম্মদ মিজানুর রহমান নয়ন

ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর, ওরাকল সার্টিফাইড প্রফেশনাল; সাবেক বিভাগীয় প্রধান, বিসিআই ইঞ্জিনিয়ারিং ইনসিটিউট; সাবেক লেকচারার,  
ওয়াক্র্স ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ

### ডাটা ইম্পোর্ট

ডাটা ইম্পোর্ট বলতে সাধারণত একটি এক্সপোর্টেড ডাম্প ফাইল থেকে ডাটাকে আবার ভিন্ন একটি টেবল, ক্ষেমা অথবা ডাটাবেজে ট্রান্সফার করা অথবা একই ডাটাবেজে আবার ডাটা ট্রান্সফার করাকে বুঝায়। বিভিন্ন কারণে ডাটা ইম্পোর্ট করা প্রয়োজন হতে পারে; যেমন- ডাটা রিকভারি, ডাটা ট্রান্সফার, ডাটাবেজ আপগ্রেড প্রভৃতি।

### ডাটাপাম্প ইম্পোর্ট মোড

ডাটাপাম্প ইম্পোর্ট মোড বিভিন্ন ধরনের হতে পারে, যেমন-

- ফুল ইম্পোর্ট মোড।
- ক্ষেমা ইম্পোর্ট মোড।
- টেবল ইম্পোর্ট মোড।
- টেবলস্পেস ইম্পোর্ট মোড।
- ট্রান্সপোর্টেবল ইম্পোর্ট এক্সপোর্ট মোড।

### টেবল ইম্পোর্ট করা

ডাটাপাম্পের মাধ্যমে নির্দিষ্ট টেবলকে ইম্পোর্ট করার জন্য impdp কমান্ডের সাথে tables অপশনটি ব্যবহার করতে হবে। tables অপশনের সাথে যেসব টেবল ইম্পোর্ট করতে হবে তাদের নাম উল্লেখ করতে হয়। নির্দিষ্ট টেবল ইম্পোর্ট করার একটি উদাহরণ দেয়া হলো-

```
impdp hr1/hr1@orcl
directory=databkp
dumpfile=NEW_EMP.DMP
logfile=NEW_EMP.LOG
remap_schema=HR:HR1
```

### ক্ষেমা ইম্পোর্ট করা

ডাটাপাম্পের মাধ্যমে একটি ক্ষেমাকে ইম্পোর্ট করার জন্য impdp কমান্ডের সাথে schemas অপশনটি ব্যবহার করতে হয়। schemas অপশনের সাথে যে ক্ষেমা ইম্পোর্ট করা হবে তার নাম উল্লেখ করতে হয়। ক্ষেমা ইম্পোর্ট করার একটি উদাহরণ দেয়া হলো। উক্ত উদাহরণে HR ক্ষেমার যেসব কনটেন্টকে HR1 নামে নতুন একটি ক্ষেমাতে ইম্পোর্ট করে দেখানো হয়েছে। এক ক্ষেমার কনটেন্টকে অন্য ক্ষেমাতে ইম্পোর্ট করার জন্য remap\_schema প্যারামিটার ব্যবহার করতে হয়।

```
impdp hr/hr@orcl
directory=databkp
schemas=HR
dumpfile=HR.DMP      logfile=HR.LOG      remap_
schema=HR:HR1
```

### ইম্পোর্ট জব কন্ট্রোল

ডাটাপাম্পের ডাটা ইম্পোর্ট করার কাজকে প্রয়োজনে সাময়িকভাবে বন্ধ রাখা যায় এবং পরে ওই কাজকে আবার রান করা যায়। ডাটাপাম্পের ইম্পোর্ট জব কন্ট্রোলিং প্রক্রিয়া নিচে দেয়া হলো-

fulldbimp নামে একটি ইম্পোর্ট জবকে রান করা যাক। এজন্য impdp কমান্ডের সাথে job\_name অপশনটি ব্যবহার করতে হবে।

যেমন- নিচে প্রদত্ত উদাহরণে job\_name= fulldbimp ব্যবহার করা হয়েছে।

```
impdp system/oracle@orcl directory=databkp full=y
dumpfile=fulldb.dmp logfile=full.log job_name=fulldbimp
```

এবার CTRL + C কী প্রেস করে রানিং এক্সপোর্ট জবকে সাময়িকভাবে বন্ধ করা।

Import>stop\_job=immediate

এবার আবার জবটি রান করার জন্য impdp কমান্ডের সাথে attach অপশনটি ব্যবহার করতে হবে। যেমন- নিচে প্রদত্ত উদাহরণে attach= fulldbimp ব্যবহার করা হয়েছে।

```
impdp system/oracle@orcl attach=fulldbimp
```

এবার জবটি চালু করার জন্য start\_job কমান্ডটি ব্যবহার করতে হবে-

Import> start\_job

এবার জবটি কন্টিনিউ করার জন্য continue\_client কমান্ডটি ব্যবহার করতে হবে-

Import> continue\_client

এবার জবটি সমাপ্ত করতে exit\_client কমান্ড ব্যবহার করতে হবে-

Import> exit\_client

### ডাটাপাম্প সংক্রান্ত ডাটা ডিকশনারি ভিত্তি

ডাটাপাম্প সংক্রান্ত ডাটা ডিকশনারি ভিত্তিয়ের তালিকা দেয়া হলো-

- DBA\_DATAPUMP\_JOBS
- USER\_DATAPUMP\_JOBS
- DBA\_DATAPUMP\_SESSIONS
- V\$SESSION\_LONGOPS

কজা

ফিডব্যাক : mrn\_bd@yahoo.com

## বিনামূল্যে কমপিউটার জগৎ-এর পুরনো সংখ্যা

পুরনো সংখ্যা পেতে আগুন্তী পাঠ্যগ্রারকে কমপিউটার জগৎ-এর প্রকাশক বরাবর আবেদনের সাথে অনুর্ধ্ব ১০০ শব্দের পাঠ্যগ্রার পরিচিতি সংযোজন করতে হবে। পাঠ্যগ্রারের মনোনীত ব্যক্তি আবেদন ও আইডি কার্ডসহ নিম্ন ঠিকানায় উপস্থিত হয়ে পুরনো ১২ সংখ্যার একটি সেট হাতে হাতে নিয়ে যেতে পারবেন।

### যোগাযোগের ঠিকানা :

বাড়ি নং-২৯, রোড নং-৬, ধানমণি, ঢাকা-১২০৫,

মোবাইল : ০১৭১১৫৪৪২১৭